রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় সেমিফাইনালে নাজিরাকোনা একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যান যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল খেলার মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ২য় সেমিফাইনাল খেলায় নাজিরাকোনা একাদশ জয়লাভ করেছে।

শনিবার বিকেলে অনুষ্ঠিত খেলাটি নির্ধারিত সময়ে গোল শূন্য ড্র হলে খেলাটি সরাসরি ট্রাইবেকারে গড়ায় ট্রাইবেকারে নাজিরাকোনা একাদশ ৫-২ গোলে গৌরিনগর একাদশকে পরাজিত করে। নাজিরাকোনা একাদশের গোলকিপার শাকিল ম্যান অফ দি ম্যাচ নির্বাচিত হন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসাবে উপস্হিত থেকে খেলাটি উদ্ভোধন করেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্হিত ছিলেন মোনাখালি ইউনিয়নের চেয়ারম্যান মোফিজুর রহমান,সাবেক চেয়ারম্যান শফিকুল ইসলাম মোল্লা,কেদারগন্জ বাজার কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিক।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা,সহ সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ন সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন,অর্থ সম্পাদক দেলোয়ার হোসেন, সহ কমিটির সদস্যবৃন্দ উপস্হিত ছিলেন।খেলাটি পরিচালনা করেন রেফারি সোহেল সহকারি হিসাবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল।

অ্যান্টওয়ার্পের কাছে

টটেনহ্যামের হার

উয়েফা ইউরোপা লিগে বৃহস্পতিবার বেলজিয়ামের ক্লাব অ্যান্টওয়ার্পের কাছে ১-০ গোলে হেরেছে টটেনহ্যাম হটস্পার।

অ্যান্টওয়ার্পের বিপক্ষে বৃহস্পতিবার হ্যারি কেন ও সন হিউং মিনকে বিশ্রাম দিয়ে গ্যারেথ বেল ও দেলে আলীকে নিয়ে সেরা একাদশ সাজান হোসে মরিনহো। তবে তারা নিজেদের মেলে ধরতে ব্যর্থ হন। বদলি খেলোয়াড় হিসেবে কেন ও সন নামলেও তারাও পাননি জালের নাগাল।

তবে ম্যাচের ২৯ মিনিটে অ্যান্টওয়ার্পের লিওর রাফায়েলভ জয়সূচক গোলটি করে দলকে কাঙ্খিত ৩ পয়েন্ট পাইয়ে দেন।
এই হারে ‘জে’ গ্রুপের পয়েন্ট টেবিলের দ্বিতীয় স্থানে নেমে গেছে টটেনহ্যাম। ২ ম্যাচ থেকে তাদের সংগ্রহ ৩ পয়েন্ট। সমান ম্যাচ থেকে ৬ পয়েন্ট নিয়ে অ্যান্টওয়ার্প অবস্থান নিয়েছে শীর্ষে।

১৫ বছর বয়সেই বিগ ব্যাশ লিগে আফগান ক্রিকেটার

বয়স মাত্র ১৫ বছর বয়সেই অস্ট্রেলিয়ান বিগ ব্যাশ লিগে দল পেয়েছেন আফগানিস্তানের চায়নাম্যান নুর আহমাদ। দীর্ঘ এক বছর নজরে রাখার পর এই স্পিনারকে দলে ভিড়িয়েছে মেলবোর্ন রেনেগেডস।

আগামী মৌসুমের জন্য এই চায়নাম্যানকে দলে নেওয়ার কথা বৃহস্পতিবার এক বিবৃতি দিয়ে জানিয়েছে রেনেগেডস।

রেনেগেডসের প্রধান কোচ মাইকেল ক্লিঙ্গার এই চায়নাম্যানকে নিয়ে বলেন, ‘নুর এমন একজন যাকে আমরা এক বছরেরও বেশি সময় ধরে নজরে রেখেছি। তাকে খুব বেশি মানুষ দেখেনি, আমার মনে হয়, এটা আমাদের বড় সুবিধা দেবে। বিশ্ব ক্রিকেটে নিজের নাম তুলে ধরার জন্য সেও অভিযানে নেমেছে। সে দুই দিকেই বল ঘোরাতে পারে…আমরা তাকে পেয়ে বেশ রোমাঞ্চিত।’

তিনি আরও যোগ করেন, ‘রেনেগেডসের সমর্থক ও বিগ ব্যাশের অনুসারীরা নুর সম্পর্কে এখন হয়তো খুব বেশি জানে না। তবে আমি বলতে পারি, সে দারুণ একজন প্রতিভা। আমার মনে হয়, সে এই খেলাটির ভবিষ্যৎ তারকাদের একজন।’

আগামী ৩ ডিসেম্বর শুরু হওয়ার কথা বিগ ব্যাশের এবারের আসর।

রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনালে রামনগর একাদশ জয়ী

মেহেরপুরের মুজিবনগর উপজেলার জনকল্যাণ যুব সমিতি রামনগর এর উদ্যোগে রামনগর ফুটবল মাঠে অনুষ্ঠিত রামনগর ফুটবল টুর্নামেন্টে ১ম সেমিফাইনাল খেলায় রামনগর একাদশ জয়লাভ করেছে।

বৃহস্পতিবার বিকালে অনুষ্ঠিত খেলায় রামনগর একাদশ ৪-২ গোলে চাঁদপুর একাদশকে পরাজিত করে। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির দুইটি ১২ নং জার্সি পরিহিত শাকিল ২টি গোল করেন। রামনগর একাদশের ১০ নং জার্সি পরিহিত সাব্বির ম্যান অফ দ্যা ম্যাচ নির্বাচিত হন।

পরাজিত চাঁদপুর একাদশের ১০ নং জার্সি পরিহিত বিদেশী খেলোয়াড় জুলু ১টি এবং ১১ নং জার্সি পরিহিত খেলোয়াড় নাঈম ১টি গোল পরিশোধ করেন।

উক্ত খেলায় মুজিবনগর উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলাটি উদ্বোধন করেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোনাখালী ইউনিয়নের চেয়ারম্যান মফিজুর রহমান।

এ সময় খেলা পরিচালনা কমিটির সভাপতি মোনাজাত মোল্লা, সহ-সভাপতি আজিবার রহমান, সাধারণ সম্পাদক কৌশিকুল ইসলাম রুমি যুগ্ম-সম্পাদক রবিউল ইসলাম, ক্রীড়া সম্পাদক হেলাল উদ্দীন, অর্থ সম্পাদক দেলোয়ার হোসেনসহ কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

খেলাটি পরিচালনা করেন সোহেল সহকারি হিসেবে ছিলেন জাহাঙ্গীর এবং রাসেল। ধারা ভাষ্যকার হিসেবে ছিলেন শামিম শিশির।

সাকিবের শাস্তি শেষ হচ্ছে আজ

আগামীকালের সূর্যটা আক্ষরিক অর্থেই নতুন সূর্য হবে সাকিব আল হাসানের জন্য। আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলের (আইসিসি) দেওয়া নিষেধাজ্ঞার শৃঙ্খলমুক্ত হবেন তিনি কাল। আজ বুধবার আইসিসির বহিষ্কারাদেশের মেয়াদ শেষ হয়ে যাওয়ার পর কাল থেকেই সাকিবের মাঠে নামতে আর কোনো বাধা থাকবে না। ব্যাট-বল হাতে আবারও তাঁকে পাবে বাংলাদেশ।

সাকিবের বিরুদ্ধে অভিযোগ ছিল, আন্তর্জাতিক দুটি ম্যাচ ও আইপিএলের একটি ম্যাচে ফিক্সিংয়ের প্রস্তাব পেয়েও তা জানাননি আইসিসির দুর্নীতি দমন বিভাগকে। আন্তর্জাতিক ম্যাচ দুটি ছিল জিম্বাবুয়ে ও শ্রীলঙ্কাকে নিয়ে ২০১৮ সালের জানুয়ারিতে বাংলাদেশে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজে। সে বছর আইপিএলের সানরাইজার্স হায়দরাবাদ-কিংস ইলেভেন পাঞ্জাবের ম্যাচেও একই অপরাধ করেন সাকিব, ভাঙেন আইসিসির দুর্নীতি দমন আইনের ২.৪. ৪ ধারা।

তিনবারই তাঁকে ফিক্সিংয়ের প্রস্তাব দেন দীপক আগারওয়াল নামের ভারতীয় এক বাজিকর। তাঁর সঙ্গে সাকিবের তিনবার যোগাযোগ হওয়ার প্রমাণ পায় আইসিসি। গত বছরের ২৩ জানুয়ারি ও ২৭ আগস্ট দুই দফা তারা সাকিবকে জিজ্ঞাসাবাদ করে। সাকিব ভুল স্বীকার করলে ২৯ অক্টোবর আইসিসি তাঁকে সব ধরনের ক্রিকেটীয় কর্মকাণ্ড থেকে দুই বছরের জন্য নিষিদ্ধ করে। এর মধ্যে দ্বিতীয় বছরটি ছিল স্থগিত নিষেধাজ্ঞা। নিয়ম অনুযায়ী নিষেধাজ্ঞার প্রথম বছরে আইসিসির আর কোনো আইন না ভাঙায় পরের এক বছরের শাস্তি থেকে সাকিব রেহাই পাবেন।

গত এক বছরে তিন সংস্করণের ক্রিকেট মিলিয়ে বাংলাদেশ দলের হয়ে ৩৬টি ম্যাচের বাইরে থাকার কথা ছিল সাকিবের। তবে মার্চের মাঝামাঝি করোনাভাইরাসের কারণে খেলাধুলা বন্ধ হয়ে যাওয়ায় এর বেশির ভাগ ম্যাচই হয়নি। বাংলাদেশ দলকেও তাই খুব বেশি ম্যাচে সাকিবের অভাব

অনুভব করতে হয়নি। সাকিব নিষিদ্ধ থাকার সময়ে বাংলাদেশ দল খেলেছেই মাত্র ৪টি টেস্ট,৩টি ওয়ানডে ও ৭টি টি-টোয়েন্টি।

এ বছর অক্টোবর-নভেম্বরের শ্রীলঙ্কা সিরিজটি করোনার কারণে স্থগিত না হলে এই সিরিজের দ্বিতীয় টেস্ট দিয়েই সাকিবের ক্রিকেটে ফেরার কথা ছিল। কিন্তু কোয়ারেন্টিন জটিলতায় সিরিজটি স্থগিত হয়ে যাওয়ায় এ বছর আর আন্তর্জাতিক ক্রিকেটে ফেরা হবে না তাঁর। সাকিবকে অপেক্ষায় থাকতে হবে জানুয়ারিতে হতে যাওয়া ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে হোম সিরিজের জন্য।

তবে সাকিব মাঠে নেমে যেতে পারেন আগামী মাসের মাঝামাঝি শুরু হতে যাওয়া বিসিবির পাঁচ দলের টি-টোয়েন্টি টুর্নামেন্ট দিয়েই। বর্তমানে পরিবারের সঙ্গে যুক্তরাষ্ট্রে থাকলেও সেখান থেকেই খোঁজ রাখছেন এই টুর্নামেন্টের। টুর্নামেন্টে খেলতে এ মাসের শেষে না হলেও আগামী মাসের শুরুতে সাকিব দেশে ফিরবেন বলে জানা গেছে। নির্বাচকেরাও তাঁকে রেখেই গড়ছেন দল। কাল বিসিবির পরিচালক ইসমাইল হায়দার মল্লিক বলেছেন, ‘বিসিবি চায় সাকিব যত দ্রুত সম্ভব খেলায় ফিরুক। এই মুহূর্তে আমাদের আন্তর্জাতিক ক্রিকেট নেই। তবে পাঁচ দলের টি-টোয়েন্টি টুর্নামেন্টে সাকিব খেলবে।’

নিষেধাজ্ঞার এক বছর সাকিব বেশির ভাগ সময়ই পরিবারের সঙ্গে যুক্তরাষ্ট্রে কাটিয়েছেন। গত মার্চে দ্বিতীয় সন্তানের জন্মের সময় স্ত্রীর পাশে থাকতে সেখানে চলে যান তিনি, ফেরেন গত ২ সেপ্টেম্বর। এই ফেরার উদ্দেশ্য ছিল শ্রীলঙ্কা সিরিজকে সামনে রেখে মাঠে ফেরার প্রস্তুতি নেওয়া। পুরোনো কোচ নাজমুল আবেদীনের তত্ত্বাবধানে বিকেএসপিতে অনুশীলনও শুরু করেছিলেন। কিন্তু সিরিজটি স্থগিত হয়ে গেলে এ মাসের শুরুতে সাকিব আবারও ফিরে যান যুক্তরাষ্ট্রে। এবার অবশ্য সেখানে গিয়েও চালিয়ে গেছেন অনুশীলন। জাতীয় দলের ফিজিওর সূচি মেনে ফিটনেস অনুশীলনের পাশাপাশি কোচদের দেখিয়ে দেওয়া ব্যাটিং-বোলিংয়ের কিছু ড্রিলও করেছেন।

গত এক বছর খেলা থেকে দূরে থাকলেও করোনাকালে সাকিব সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন মানবতার সেবায়। নিলামে তুলেছেন নিজের বিশ্বকাপের ব্যাট। সাকিব আল হাসান ফাউন্ডেশন গঠন করে সুবিধাবঞ্চিত ব্যক্তিদের মধ্যে খাবার বিতরণ ছাড়াও চিকিৎসকদের জন্য দিয়েছেন উন্নত মানের পিপিই-মাস্ক, সেবামূলক একটি প্রতিষ্ঠানকে অনুদান হিসেবে দিয়েছেন অ্যাম্বুলেন্স।

ফিফা প্রেসিডেন্ট করোনায় আক্রান্ত

কোভিড-১৯ আক্রান্ত হয়েছেন ফিফা প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফান্তিনো। বিশ্ব ফুটবলের নিয়ন্ত্রক সংস্থা মঙ্গলবার এ খবর দিয়েছে। খবর স্কাই স্পোর্টসের।

ফিফা প্রেসিডেন্টের করোনার মৃদু উপসর্গ রয়েছে। ৫০ বছর বয়স্ক ইনফান্তিনো আগামী ১০ দিন আইসোলেশনে থাকবেন। গত কয়েক দিনে তার সংস্পর্শে যারা এসেছেন, তাদেরও আইসোলেশনে থাকার অনুরোধ জানানো হয়েছে। ফিফা ইনফান্তিনোর দ্রুত আরোগ্য কামনা করেছে।

ইনফান্তিনো শেষবার জনসম্মুখে আসেন গত ১৬ অক্টোবর। সেদিন ফিফার একটি সামিটের শেষ দিন দেখা যায় তাকে। ভিডিওর মাধ্যমে সবাই যোগ দেন ওই সামিটে।

চীনের উহান থেকে ছড়িয়ে পড়া করোনাভাইরাস বিশ্বময় বিস্তার ঘটিয়েছে। ফুটবলেও থাবা বসিয়েছে এটি। কয়েক দিন আগে করোনায় আক্রান্ত হয়েছেন ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

কোয়ারেন্টিনে থাকা পর্তুগিজ তারকা পর্তুগালের হয়ে খেলতে গিয়ে কোভিড-১৯ পজিটিভ হন। ফুটবলে সবশেষ বড় নাম হিসেবে করোনায় আক্রান্ত হয়েছেন রোনালদিনহো। ব্রাজিলিয়ান কিংবদন্তি এখন কোয়ারেন্টিনে।

প্রতিপক্ষ জুভেন্টাস, পিকে-

কুতিনহো ছাড়াই মাঠে নামছে বার্সা

জুভেন্টাসের মাঠে চ্যাম্পিয়নস লিগের দ্বিতীয় ম্যাচে আজ রাতে মাঠে নামছে বার্সেলোনা। এরই মধ্যে এই ম্যাচের জন্য দল ঘোষণা করেছেন ডাচ কোচ রোনাল্ড কোমান। তুরিনে এই সফরে জেরার্দ পিকে কিংবা ফিলিপ্পে কুতিনহো তার দলে জায়গা করতে পারেননি।

এক ম্যাচের জন্য নিষিদ্ধ পিকে। আর কুতিনহো পেয়েছেন চোট। গোলকিপার মার্ক আন্দ্রে টের স্টেগেন ও স্যামুয়েল উমতিতিও নেই এই দলে।

এই ম্যাচে মাত্র দুজন সেন্ট্রাল ডিফেন্ডার পাচ্ছেন কোমান-ক্লেমন্ত লংলে ও রোনাল্ড আরাউজো। বাদ পড়েছেন মাথিউস ফের্নান্দেস।

টের স্টেগেনের অনুপস্থিতিতে সাবেক ক্লাবের বিপক্ষে দারুণ কিছু করার সুযোগ পাচ্ছেন গোলকিপার নেতো।

উল্লেখ্য, অ্যালিয়েঞ্জ স্টেডিয়ামে সবসময় চ্যালেঞ্জের মুখোমুখি হয় বার্সেলোনা। তুরিনে কখনও জুভেন্টাসকে হারাতে পারেনি তারা। ১৯৭০-৭১ ফেয়ার্স কাপ থেকে ২০১৭-১৮ মৌসুমের চ্যাম্পিয়নস লিগ পর্যন্ত জুভদের কাছে কাতালানরা তিনটি হার ও তিনটি ড্র’র স্বাদ পেয়েছে।

কালীগঞ্জে ফুটবল টুর্নামেন্ট নিয়ে সংবাদ সম্মেলন

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় চাপালী যুব সংঘের আয়োজনে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্টের আয়োজন নিয়ে সংবাদ সম্মেলন করা হয়েছে।

মঙ্গলবার বিকাল ৪ টায় চাপালী যুব সংঘের নিজস্ব কার্যালয়ে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে চাপালী যুব সংঘের সভাপতি আজাদ রহমান জানান, ২৮ অক্টোবর থেকে চাপালী ফুটবল মাঠে মরহুম নূর আলী মন্ডল স্মৃতি ফুটবল টুর্নামেন্ট-২০২০ এর উদ্বোধন ও ১ম খেলা অনুষ্ঠিত হবে। আগামী ১৮ নভেম্বর এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে। এ টুর্নামেন্টে ৮টি দল অংশগ্রহণ করবে।

দলগুলো হলো- মাগুরার একতা স্পোর্টিং ক্লাব, কোটচাঁদপুর পৌর ফুটবল একাদশ, ঝিনাইদহের হামদহ ফুটবল একাদশ, কালীগঞ্জের বেজপাড়া ফুটবল একাদশ, শিমলা-রোকনপুর ফুটবল একাদশ, গান্না ফুটবল একাদশ, কালীগঞ্জ ফুটবল একাডেমি ও খালিশপুরের বীরশ্রেষ্ঠ শহীদ হামিদুর রহমান ফুটবল একাদশ।

তিনি আরো জানান, ইতোমধ্যে টুর্নামেন্টের সকল আয়োজন সম্পন্ন হয়েছে। প্রতি খেলায় সেরা খেলোয়াড়ের পুরষ্কার প্রদান করা হবে। টুর্নামেন্টের চ্যাম্পিয়ন ও রানার্স আপ দলকে প্রাইজমানি প্রদান করা হবে।

উড়তে থাকা মিলানে করোনার হানা

করোনাভাইরাসের তাণ্ডবে বিপর্যস্ত বিশ্ব। প্রাণঘাতী এই ভাইরাস হানা দিয়েছে ক্রীড়া জগতেও। এবার দুই ফুটবলার জিয়ানলুইজি দোনারুমা ও জেনস পিটার হগের করোনাভাইরাস পজিটিভ হয়েছে বলে নিশ্চিত করল এসি মিলান। একই সঙ্গে সিনিয়র দলের তিনজন স্টাফও এই প্রাণঘাতী ভাইরাসে আক্রান্ত হয়েছেন।

মিলান সোমবার তাদের অফিসিয়াল ওয়েবসাইটে দেওয়া বিবৃতিতে জানায়, ‘গতকাল সন্ধ্যায় লালার নমুনা পরীক্ষার ফল এসেছে এসি মিলানের হাতে। তাতে গোলকিপার জিয়ানলুইজি দোনারুমা, উইঙ্গার জেন্স পিটার হগ ও আরও তিনজন স্টাফের কোভিড-১৯ পজিটিভ হয়েছে।’

তাদের কারও মধ্যে করোনার উপসর্গ নেই বলে নিশ্চিত করা হয়েছে ওই

বিবৃতিতে। ফল পাওয়ার পরপর তাদের বাড়িতে আইসোলেশনে থাকতে বলা হয়েছে এবং সংশ্লিষ্ট স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষকে তা অবগত করা হয়েছে। প্রটোকল মেনে অন্য খেলোয়াড় ও স্টাফদের করোনা পরীক্ষা করা হয়, তাতে কারও পজিটিভ ফল আসেনি।

‘বিসিবি প্রেসিডেন্টস কাপ থেকে নতুন খেলোয়াড় পাওয়া গেছে’

বিসিবি প্রেসিডেন্টস কাপ থেকে কিছু নতুন খেলোয়াড় পাওয়া গেছে বলে জানিয়েছেন বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সভাপতি নাজমুল হাসান পাপন।

তিনি বলেন, ‘ইতিবাচক বিষয় হলো, দক্ষতা দেখানোর জন্য খেলোয়াড়দের একটি প্লাটফর্ম দিয়েছে টুর্নামেন্টটি এবং কিছু খেলোয়াড় খুবই ভালোভাবে তা কাজে লাগিয়েছে। তাই আমরা কিছু নতুন খেলোয়াড় পেয়েছি। যাদের প্রতিভা আছে এবং যা ভবিষ্যতে আরও ভালো করতে পারবে।’

যদিও কোভিড-১৯ এর মধ্যে ইতিমধ্যেই বেশ কিছু দেশে ক্রিকেটে ফিরেছে, তবে বাংলাদেশে ক্রিকেট প্রত্যাবর্তন অনিশ্চিত ছিল। গত সেপ্টেম্বরে শেষ মূহূর্তে শ্রীলঙ্কা সিরিজটি স্থগিত হয়। তারপরে ক্রিকেটারদের নিয়ে তিনটি দলে ভাগ করে বিসিবি প্রেসিডেন্টস কাপের আয়োজন করার সিদ্বান্ত নেয় বিসিবি। পাপনের মতে, পরিকল্পনাটি দুর্দান্ত সাফল্য পেয়েছে।

এই টুর্নামেন্টের মধ্যে দিয়ে ছয় মাস পর ক্রিকেটে ফিরতে সক্ষম হয় ক্রিকেটাররা। এরপর তিন দলের টুর্নামেন্টটি অনেক বেশি প্রতিযোগিতামূলক হয়েছে।

বেশ কয়েকজন তরুণ ক্রিকেটার এই টুর্নামেন্টের মধ্যদিয়ে নজরে এসেছে। তরুণ শরিফুল ইসলাম ও সুমন খান পেস বিভাগে দারুণ পারফর্ম করেছে। তৌহিদ হৃদয় এবং ইরফান শুক্কুরের মতো তরুণরা ব্যাটিং নৈপুন্যের জন্য প্রশংসিত হয়েছেন।

রবিবার ফাইনাল শেষে বিসিবি বস বলেন, ‘এই টুর্নামেন্টের সঙ্গে জড়িত থাকা পুরো ম্যানেজমেন্টকে আমি ধন্যবাদ জানাতে চাই।’

তিনি আরও বলেন, ‘এটি খুব সুন্দরভাবে শেষ হয়েছে। অবশ্যই আমরা নিয়মিত খেলোয়াড়দের কাছ থেকে রান আশা করেছিলাম, কিন্তু তারা পারেনি। যাইহোক, মুশফিক ভালো করেছে। শেষ ম্যাচে লিটন রান করেছে।’

বিসিবি সভাপতি আরও বলেন, ‘ইতিবাচক দিক নতুন বেশ কয়েকজন খেলোয়াড় ভালো করেছে। তাসকিন ফিরে এসেছে, আমি ভেবেছিলাম তাসকিন হয়তো জাতীয় দলে আর ফিরতে পারবে না। সে খুবই ভালো করেছে। রুবেলের জন্য দারুণ একটি টুর্নামেন্ট ছিল। শুধু তাই নয়, আমরা সুমন খানের মতো বোলার পেয়েছি।’

তিনি আরও যোগ করে বলেন, ‘ব্যাটিংয়ে ইরফান শুক্কুর ধারাবাহিকভাবে রান করেছে। প্রতিটি ম্যাচেই চাপের মধ্যে ব্যাট করতে এসে পারফর্ম করেছে সে। আরেক ছেলে, তৌহিদ হৃদয় তার প্রতিভা প্রদর্শন করেছে। এখন আমি তাকে চিনি। অলরাউন্ডার মাহাদি হাসানের ভালো সম্ভাবনা রয়েছে। সে ব্যাট ও বল হাতে ভালো করতে পারে। পেস বোলিংয়ে আমাদের সবচেয়ে বড় দুর্বলতা ছিলো। এই প্রথম কোনও টুর্নামেন্ট আমি দেখলাম, যেখানে পেসাররা খুবই ভালো করছে।’